

# কলকাতার বাজারে এল

## অত্যাধুনিক হাইড্রলিক এক্সকাভেটর

নিজস্ব প্রতিনিধ— টাটা হিতাচি কোম্পানি কলকাতার বাজারে আনল একটি অত্যাধুনিক হাইড্রলিক এক্সকাভেটর। বুধবার কলকাতার একটি পাঁচতারা হোটেলে আনুষ্ঠানিকভাবে কোম্পানির তরফ থেকে এই ঘোষণা করা হয়। এই উপলক্ষে আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনে সংস্থার তরফ থেকে জানানো হয়, জেডএএক্সআইএস ২২০ এলসি হাইড্রলিক এক্সকাভেটর জাপানি তথ্যপ্রযুক্তির সমন্বয়ে সংস্থার খজাপুরের কারখানায় তৈরি হয়েছে। যুগোপযোগী, উচ্চক্ষমতাসম্পন্ন এই এক্সকাভেটর মাইনিং এবং নির্মাণ কাজের ক্ষেত্রে সহায়ক বলে জানান সংস্থার এক

আধিকারিক। এদিনের এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন হিতাচি কনস্ট্রাকশন মেশিনারি কোম্পানি লিমিটেডের প্রেসিডেন্ট ইউচি সুজিমোতো, টাটা হিতাচি কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর রণবীর সিংহ সহ সংস্থার অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা। সম্মেলনে সংস্থার প্রযুক্তিবিদরা এই অত্যাধুনিক এক্সকাভেটরের বিশেষত্ব সাংবাদিকদের সামনে তুলে ধরেন। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর রণবীর সিংহ জানান, আগামী সেপ্টেম্বর-অক্টোবর মাস থেকে এই এক্সকাভেটর মধ্য-পূর্ব ও আফ্রিকার বিভিন্ন দেশে এক্সপোর্ট করার পরিকল্পনা রয়েছে কোম্পানির।